দৈনিক
ইনকিলাব

তারিখ ২০/২/০৯
পৃষ্ঠা ১২ কলাম ৭



# বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা

ওমর ফারুক

অমর একুশে বইমেলায় অনেক প্রতীক্ষার পর বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করা হয়। একাডেমীর মহাপরিচালক ড. সৈয়দ মুহাম্মদ সাহিদ সৃজনশীল, মননশীল ও শিশু সাহিত্যে এ ৩টি বিভাগে ৩ জনের নাম ঘোষণা করেন। পুরস্কারপ্রাপ্তরা হলো কবিতা, উপন্যাস ও নাটকের জন্য কবি মাহমুদ সাদিক, গবেষণা প্রবন্ধের অধ্যাপক করুণাময় সাহিদ এবং অনুবাদ ও শিশু সাহিত্যের হেলেনা খান। আগামী ২৬ ফেব্রুয়ারী তাদের প্রত্যেককে নগদ ১ লাখ টাকা, সম্মাননাপত্র ও স্মারক ক্রেস্ট প্রদান করা হবে।

*বইমেলায় নতুন বই :* গতকাল বইমেলায় নতুন বই এসেছে ১২১টি। উল্লেখযোগ্য বইগুলো ... টিপু সুলতানের কুয়াশার উষ্ণতা', 'স্মৃতি, রহস্য', 'অন্বেষণ দেশে-প্রবাসে', হাসান আল আব্দুল্লাহর কবিতায় বঙ্গবন্ধু, আমীর প্রকাশনী থেকে

পৃঃ ১৮ কঃ ১



*ইনকিলাব : বাংলা একাডেমীতে অমর একুশে বইমেলার ... পমীদের ভিড়*

## বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্তদের

*১২-এর পৃষ্ঠার পর*

প্রকাশিত ঝরা পাতার কান্না, বাংলা একাডেমী থেকে প্রকাশিত প্রাচীন ও মধ্যযুগের বাংলাভাষার অভিধান, আবীর শাহরান মাহমুদের ফিরে এসো ঝরা পাতা, আহমেদ ঠাকুরের যদি দেখা হয়ে যায়, আহসান হাবীবের সাই ফাই কমিকস্, রেজিয়া খাতুনের শিয়াল পণ্ডিতের জনসভা, মারুফ রহমানের ৫৩ চক্ষু রাক্ষস, শামীম সিদ্দিকীর অচেনা স্বর্ণের লোভে, মজিদ হোসেন নয়নের ভূতের বিয়েতে আমন্ত্রণ, নিরঞ্জন গোস্বামীর অচেনা নারী, বন্দনা কবিরের কাঞ্চাইয়ের কাঞ্চান, নূরুন্নাহারের একা, খন্দকার আলী আজগরের নীল যমুনায় সূর্যাস্ত, বিরহের এত জ্বালা, কেন জল ঝরে চোখে, অন্তহীন আশা, আসলাম সানীর 'বাঙালী জাতির পিতা', পীযূষ বন্দ্যোপাধ্যায়ের মন পাখী, প্রত্যয় জসীমের ন্যাব ভালো ক্যাব কালো, রোকেয়া ইউসুফের ঢাকাইয়া ভাষায় কবিতা দিলের টুকরা, মোশাররফ, শামীম সিদ্দিকীর অচেনা ফুলের লোভে, মোয়াজ্জেম হোসেন আলমগীরের মনোতত্ত্ব, ব্যাঙে ব্যাঙে যুদ্ধ, কাশেম বিন আবু বাকারের প্রেম ও বিরহ।

গতকাল মেলায় আসা প্রবাসী লেখক সৈয়দ টিপু সুলতান ইনকিলাবকে জানান, মেলায় এসে নিজেকে ধন্য মনে করছি। বাংলাদেশের মাটিতে অসাধারণ, অপূর্ব এ মেলা দেখে আমার মনে হচ্ছে এটা সারা বিশ্বের সর্ববৃহৎ মিলনমেলা। মেলায় আসা খন্দকার আলী আজগরের বিরহের এতো জ্বালা, নীল যমুনায় সূর্যাস্ত গ্রন্থটি একটি শাশ্বত প্রেমের উপন্যাস। অন্তর ডাকে সায় দেয় সমাজ তাকে গ্রহণ করে না। কালে কালে প্রহর শেষ হয়ে যায় কালো হিসাব তো রাখে না। উপন্যাসের নায়িকা সেতুর জীবন নীল যমুনায় সূর্যাস্ত হয়। কেন জল ঝরে গ্রন্থে জীবনের সুখ-দুঃখ পৃথিবীতে আসা-যাওয়া। সংসারের উত্থান-পতন, মায়ের আহাজারী, পিতার আর্তনাদ ও প্রেমিকার ভালবাসার চিত্র তুলে ধরা হয়েছে। অন্তহীন আশার গ্রন্থে হেলেনা ও বিলাল নামের এক নবীন হৃদয়ের ভালবাসার চিত্র তুলে ধরা হয়েছে। বিরহের এত জ্বালা গ্রন্থে পৃথিবীকে কেন্দ্র করে মানুষের মনের পাওয়া না পাওয়ার কথা। হাসুর বুকে বেলার প্রতিচ্ছবি। বেলার পাষাণ বেদীমূলে মাথা কুটে অশ্রু ঢেলে পরাজিত হওয়ার চিত্র উন্মোচিত হয়েছে।

এদিকে বইমেলার মূল মঞ্চে : সম্ভাবনার বাংলাদেশ : কথাসাহিত্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ নেন বেগম আক্তার কামাল, আনিসুল হক, রহমান হাবীব। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন মহীবুল আজিজ। সভাপতিত্ব করেন হাসান আজিজুল হক। সন্ধ্যায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।